# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 NOVEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) চা জনজাতি ও আদিবাসী সম্প্রদায়ের ৩৭৭ জন টেট তথা নিযুক্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে আজ নিযুক্তি পত্র প্রদান ।

(২) জুবিন গার্গের মৃত্যুর মামলায় মূল অভিযুক্ত শ্যামকানু মহন্ত ও সিদ্ধার্ত শর্মা সহ সাতজন অভিযুক্তকে পুনরায় বিচার বিভাগীয় হেফাজতে প্রেরণ ।

এবং

(৩) কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ২৪ শে নভেম্বর ধলাইয়ে অনুষ্ঠেয় সারাদিনব্যাপী সীমান্ত উৎসবের আয়োজনের প্রস্তুতি সম্পর্কে পর্যালোচনা করতে আজ ধলাই সমজেলা কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ গুয়াহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে চা জনজাতি এবং আদিবাসী সম্প্রদায়ের ৩৭৭ জন টেট তথা নিযুক্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান করেন । এর মধ্যে স্নাতকোত্তর শিক্ষকের চারজন , স্নাতক শিক্ষকের ১১৭ জন , নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের ৯৮ জন এবং উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ৯৮ জন শিক্ষকের হাতে নিযুক্তিপত্র তুলে দেওয়া হয় । অনুষ্ঠানে ভাষণ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে চা বাগানের ছাত্রছাত্রীদের শিক্ষাক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে এখনো পর্যন্ত ১০০ টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে এবং আগামী জানুয়ারী মাসে আরও ১০০ টি এধরণের বিদ্যালয় স্থাপন করা হবে ।এরপর চাবাগান অঞ্চলে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করার জন্য রাজ্যের শিক্ষাবিভাগ পরিকল্পনা করছে বলে মুখ্যমন্ত্রী জানান -----

বাইট

চা জনগোষ্ঠির ছাত্রছাত্রীদের উচ্চ শিক্ষা সুনিশ্চিত করার জন্য ঐ অঞ্চলগুলোতে থাকা কলেজগুলোতে তাদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা করা হবে বলেও মুখ্যমন্ত্রী জানান ।অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ নতুনদিল্লীতে ট্রেড ইউনিয়ন এবং শ্রমিক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে দশম প্রাক বাজেট আলোচনায় পৌরহিত্য করেন । এই আলোচনায় কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরি সহ কেন্দ্রীয় অর্থনৈতিক পরিক্রমা , শ্রম মন্ত্রনালয়ের মুখ্য অর্থনৈতিক সচিব প্রমুখ অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর ঘটনা সম্পর্কীত বিষয়ে গ্রেপ্তার করা মূল অভিযুক্ত শ্যামকানু মহন্ত এবং মেনেজার সিদ্ধার্থ শর্মা সহ সাতজন অভিযুক্তকে আজ সংশ্লিষ্ট কারাগার থেকে ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে কামরূপ মহানগর জেলার মুখ্য ন্যায় দন্ডাধীশের আদালতে হাজির করানো হয় ।আদালত তাদের সবাইকে পুনরায় বিচার বিভাগীয় হেফাজতে প্রেরণ করে । উল্লেখ্য অভিযুক্ত শ্যামকানু মহন্ত , সিদ্ধার্থ শর্মা , সন্দীপন গার্গ , প্রয়াত শিল্পীর দুই দেহরক্ষী নন্দেশ্বর বরা এবং পরেশ বৈশ্যকে বাক্সা জেলা কারাগারে রাখা হয়েছে এবং অন্য দুজন অভিযুক্ত শেখরজ্যোতি গোস্বামী ও অমৃতপ্রভা মহন্তকে হাফলং উপ কারাগারে কারাবন্দী করে রাখা হয়েছে । অভিযুক্তদেরকে আগামী তেসোরা ডিসেম্বর পুনরায় আদালতে হাজির করানো হবে ।

---------------------------------------------------------------------------------------

নতুন ফৌজদারী আইন রূপায়নের ক্ষেত্রে আসাম দেশের মধ্যে প্রথম স্থান লাভ করেছে । সম্প্রতি প্রকাশিত তথ্য অনুসারে নতুন ফৌজদারী আইন রূপায়নের ক্ষেত্রে জাতীয় গড় ৪৪ দশমিক ৯-৬ এর বিপরীতে আসাম ৭২ দশমিক ০-৩ স্কোর লাভ করেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এই তথ্য প্রকাশ করে এই তথ্য প্রশাসনিক সংস্কার ,দক্ষতা ও আই সি টি সংহতির ক্ষেত্রে আসামের এগিয়ে চলাকে প্রমাণ করে বলে উল্লেখ করেন । এছাড়া এই তথ্য দ্রুত ,ন্যায্য ও অধিক কার্যক্ষম ন্যায় প্রদান ব্যবস্থার প্রতি রাজ্য সরকারের দায়বদ্ধতাকে প্রতিফলিত করে বলেও মূখ্যমন্ত্রী ড.শর্মা বলেন । উল্লেখ্য নতুন ফৌজদারী আইন রূপায়নের ক্ষেত্রে আসাম শীর্ষ স্থানে রয়েছে । এদিকে ৬২ দশমিক ৭-৯ স্কোর লাভ করে হরিয়ানা দ্বিতীয় এবং ৬০ দশমিক ৮-৭ স্কোর লাভ করে সিকিম তৃতীয় স্থানে রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের ভূমিপুত্র সাঁওতাল জনগোষ্ঠীকে ভারতীয় সংবিধানের ৩৪২ নম্বর ধারা অনুসারে শীঘ্র জনজাতির মর্যাদা প্রদান করা সহ জমির পাট্টা প্রদান , সাঁওতাল হিসেবে জনজাতি প্রমাণপত্র প্রদান ,২০২২ এর ত্রিপাক্ষিক আদিবাসী শান্তি চুক্তি সম্পন্ন হওয়া প্রতিটি দফা  শীঘ্র কার্যকর করার দাবীতে আজ চিরাং জেলার সুন্দরীতে সারা সাঁওতাল ছাত্র সংস্থা প্রতিবাদী কার্যসূচী পালন করেছে । এই কার্যসূচীতে ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের পূর্বে সাঁওতাল জনগোষ্ঠীর জনজাতিকরণের জন্য বি জেপি সরকারকে আহ্বান জানানো হয় ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ২৪ শে নভেম্বর ধলাইয়ে অনুষ্ঠেয় সারাদিনব্যাপী সীমান্ত উৎসবের আয়োজনের প্রস্তুতি সম্পর্কে পর্যালোচনা করতে আজ ধলাইয়ের সমজেলা কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় উভয় রাজ্যের আধিকারিকরা এই উৎসবের সফল উদযাপন নিশ্চিত করতে প্রয়োজনীয় সব ব্যাবস্থা সম্পর্কে পর্যালোচনা করেন ।
উল্লেখ্য এই সীমান্ত উৎসব আসাম ও নিজোরামের সাম্প্রদায়িক সম্প্রীতি ,সংস্কৃতি এবং খেলাধূলার এক প্রাণবন্ত উদযাপন । আসাম মিজোরাম সীমান্তে বসবাসকারী মানুষের প্রাণের চেতনা উদযাপনের পাশাপাশি এই উৎসব আন্তঃরাজ্য সম্পর্ককে আরো শক্তিশালী করার প্রতিশ্রুতি দেয় ।

--------------------------------------------------------------------------------

আসাম সরকারের দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কর্মসূচী চিফ মিনিস্টার্স গ্রিন ফেলোশিপ ২০২৫-২৬ এর উপর ভিত্তি করে দীর্ঘস্থায়ী ও জলবায়ু সহনশীল ভবিষ্যতের পথ শীর্ষক এক আলোচনা সভা আজ শিলচর গুরুচরণ কলেজে অনুষ্ঠিত হয়েছে । সভায় মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অসাম দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের চেয়ারম্যান ডঃ অরূপ কুমার মিশ্র । এছাড়া সম্মানিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন পর্ষদের সদস্য সচিব ডঃ গৌতমকৃষ্ণ মিশ্র , পর্ষদের ভারপ্রাপ্ত আঞ্চলিক কার্যবাহী বাস্তুকার অরবিন্দ দাস , গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় প্রমুখ । সভায় ডঃ অরূপ কুমার মিশ্র বলেন যে পরিবেশকে দূষণের হাত থেকে রক্ষা করতে সঠিক মনোভাবের প্রয়োজন তিনি ফেলোশিপ পাওয়া শিক্ষার্থীদের রাজ্যের পরিবেশ রক্ষায় এগিয়ে আসার আহ্বান জানান ।
এদিকে আজ ছোট দুধপাতিলে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের শিলচর আঞ্চলিক  কার্যালয়ের নতুন ভবন নির্মাণ করার জন্য ভূমি পূজো অনুষ্ঠিত হয়েছে ।

--------------------------------------------------------------------------------

আর্যভট্ট বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ বড়জালেঙ্গা উন্নয়নখন্ডের বার্ষিক অনুষ্ঠান আদর্শ বিদ্যানিকেতনে অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে ঐ এলাকার ১২ টি স্কুলের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে এবং মোট ৩৫ টি বিজ্ঞান ভিত্তিক মডেল প্রদর্শন করে । এছাড়া বিজ্ঞান ভিত্তিক পোস্টার ড্রয়িং প্রতিযোগিতায় ৬২ জন ছাত্রছাত্রী , তাৎক্ষণিক বক্তৃতায় ২৭ জন এবং আইডিয়া শেয়ারিংয়ে ২৬ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে । অনুষ্ঠানে আদর্শ বিদ্যানিকেতনের পরিচালন সঞ্চালক ননীগোপাল বনিক , পিসি বড়জালেঙ্গা স্কুলের বিজ্ঞান শিক্ষক পীযুষ কান্তি বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ডক্টর এল জয় চন্দ্র সিংহ জানিয়েছেন যে বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের চূড়ান্ত বর্ষের প্রথম সেমিষ্টারের পরীক্ষা আগামী ১০ই ডিসেম্বর থেকে শুরু হয়ে ২৪শে ডিসেম্বর পর্য্যন্ত অনুষ্টিত হবে । এক বিজ্ঞপ্তীতে এখবর জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার কৃষকদের অবগতির জন্য জানিয়েছেন যে উত্তর-পূর্ব ও হিমালয় রাজ্যগুলির জন্য উদ্যান শস্য পালন মিশন প্রকল্পের অধীনে সরকারী সাহায্যকৃত প্রকল্পের আবেদন পত্র আহ্বান করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে মাশরুম উৎপাদন ইউনিট , মাশরুম প্রক্রিয়াকরন ইউনিট , সৌরশক্তি ঠান্ডা ঘর ও খাদ্য প্রক্রিয়াকরন ইউনিট, এই চারটি সরকারী সাহায্যকৃত প্রকল্পের জন্য আবেদন করার সুযোগ রয়েছে । ইচ্ছুক কৃষকদের নিজ অঞ্চলের কৃষি উন্নয়ন আধিকারীকের মাধ্যমে আগামী ২৮শে নভেম্বরের মধ্যে জেলা কৃষি আধিকারীকের কার্য্যলয়ে আবেদন করতে আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা কংগ্রেস কমিটির এক প্রতিনিধি আজ জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর মতিন্দ্র সুত্রধরের সঙ্গে সাক্ষাৎ করে করিমগঞ্জ সিভিল হাসপাতালের জরুরীকালিন পরিষেবা উন্নত করার বিষয় নিয়ে আলোচনা করেন । জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থের নেতৃত্বের আসা প্রতিনিধি দলটি সিভিল হাসপাতালের জরুরীকালীন বিভাগের চিকিৎসকের উপস্থিতি , ঔষধ সরবরাহ ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করেছেন এবং সমস্যাগুলির সমাধানের জন্য সাত দিনের সময়সীমা বেঁধে দিয়েছেন । যুগ্ম সঞ্চালক ডক্টর সূত্রধর উত্থাপিত অভিযোগগুলি খতিয়ে দেখে বিহিত ব্যবস্থা গ্রহনের আশ্বাস দিয়েছেন । প্রতিনিধি দলে শহর ব্লক কংগ্রেস সভাপতি অনুরাগ দত্ত , বিশ্বজিৎ ঘোষ , হাসিনা রহমান চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

ডিমা হাসাও জেলার ভোটার তালিকার বিশেষ সংশোধনী প্রক্রিয়া নিয়ে জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন রাজনৈতিক দলের কর্মকর্তাদের সঙ্গে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি সর্বদলীয় সভা অনুষ্ঠিত হয়েছে । পরে জেলা আয়ুক্ত মুনীন্দ্র নাথ নাগাতে এক সাংবাদিক সম্মেলনে জানান  যে ২০২৬ সালের পয়লা তারিখকে ভিত্তি করে ভোটার তালিকা সংশোধনীর চূড়ান্ত ভোটার তালিকা আগামী ১০ই ফেব্রুয়ারী প্রকাশ করা হবে । জেলা আয়ুক্ত শ্রীনাগাতে জানান যে বি এল ও-রা আগামী ২২শে নভেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্য্যন্ত ঘরে ঘরে গিয়ে তথ্য সংগ্রহ , ভোট কেন্দ্রের পুর্ন যাচাই , নতুন ভোটারদের তথ্য সংগ্রহ সহ যাবতীয় কাজ করবেন । ভোটার তালিকায় দাবী ও আপত্তি সংক্রান্ত অভিযোগ আগামী ২৭শে ডিসেম্বর থেকে ২২শে জানুয়ারী পর্য্যন্ত জানানো যাবে এবং দাবী ও আপত্তিগুলি দোসরা ফেব্রুয়ারীর মধ্যে নিষ্পত্তি করা হবে । জেলা আয়ুক্ত আরো জানান যে চূড়ান্ত ভোটার তালিকা প্রস্তুতির কাজ আগামী ৬ই ফেব্রুয়ারীর মধ্যে শেষ করে আগামী ১০ই ফেব্রুয়ারী তা প্রকাশ করা হবে ।

---